



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, পিরোজপুর  
জুডিসিয়াল মুন্সিখানা  
[www.pirojpur.gov.bd](http://www.pirojpur.gov.bd)

অতীব জরুরি  
নির্বাচন অগ্রাধিকার

নম্বর- ০৫.১০.৭৯০০.০০৭.২২.০৯৭.১৫-০৩

তারিখ: পৌষ ১৪৩০  
জানুয়ারি ২০২৪

### গণবিজ্ঞপ্তি

**বিষয়ঃ** দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ রবিবার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। পিরোজপুর জেলায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

বর্ণিত নিষেধাজ্ঞা নিম্নেবর্ণিত ক্ষেত্রে শিথিল করার প্রয়োজন হবে;

(ক) আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপকাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমান বন্দরে যাওয়া, বিমান বন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রীবহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য কোন যানবাহন;

(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য একটি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয় পত্র থাকা সাপেক্ষে) এর জন্য একটি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টিকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান; এবং

(ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিল থাকবে;

আদেশক্রমে

(স্বাক্ষর) ০২. ০১. ২০২৪

মোহাম্মদ জাহেদুর রহমান

জেলা ম্যাজিস্ট্রেট

পিরোজপুর

ফোন:-০২৪৭-৮৮৯০৪০০

e-mail: [dcpirojpur@mopa.gov.bd](mailto:dcpirojpur@mopa.gov.bd)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৪. সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
৭. পুলিশ সুপার, পিরোজপুর
৮. উপজেলা নির্বাহী অফিসার(সকল),..... পিরোজপুর
৯. জেলা নির্বাচন অফিসার, পিরোজপুর
১০. জেলা কমান্ড্যান্ট,আনসার ও ভিডিপি, পিরোজপুর
১১. উপপরিচালক, জেলা তথ্য অফিস, পিরোজপুর
১২. অফিসার ইনচার্জ (সকল থানা),..... পিরোজপুর
১৩. সভাপতি/সাধারণ সম্পাদক, বাস মালিক সমিতি, পিরোজপুর
১৪. সভাপতি/সাধারণ সম্পাদক, ট্রাক মালিক সমিতি, পিরোজপুর
১৫. অফিস কপি

তাকে উক্ত আদেশটি বহল প্রচারের জন্য  
অনুরোধ করা হলো

০৫.০২.২০২৪

জেলা ম্যাজিস্ট্রেট  
পিরোজপুর